# দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন নং - ২০৪৭৪/৯২

প্রধান কার্যালয়ঃ- ২০/৪ শিল লেন, কলকাতা- ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স- ০৩৩ ২৩২৮৩৯৮৯; ই-মেলঃ- dmfwestbengal@gmail.com

ডায়মন্ড হারবার কার্যালয়ঃ- নিউ টাউন, ডায়মন্ড হারবার, দঃ ২৪ পরগণা, পিন - ৭৪৩৩৩১; মোঃ- ৭৮৭২৪০৭৬১১ ।


মেমো নং- ডি.এম.এফ./জি.এস. – ১৬/২৩ তাং. ০৩-১০-২০২৩

## স্মারকলিপি

প্রতি

মাননীয় মহকুমা শাসক,

কাকদ্বীপ মহকুমা, দঃ ২৪ পরগণা।

মহাশয়,

আমরা প্রায় চার লক্ষাধিক ক্ষুদ্র সামুদ্রিক মৎস্যজীবী নদী-সমুদ্রে মাছধরা, বিল-পুকুরে মাছ চাষ, মাছ শুকানো, বিক্রয় ইত্যাদি করে জীবিকা নির্বাহ করি। আমাদের জীবন-জীবিকা নানাবিধ সমস্যায় জর্জরিত। সামুদ্রিক মৎস্য সম্পদ ট্রলিং দ্বারা লুট হয়ে যাচ্ছে, ক্ষুদ্র মৎস্যজীবীরা মাছ পাচ্ছেন না। নিবিড় চিংড়ি ফার্মগুলি জল ও মাটি দূষিত করছে। তথাকথিত উন্নয়ন ও সংরক্ষণের নামে মৎস্যজীবীদের খোটি কারবারের মাছ শুকানোর জায়গাগুলি কেড়ে নেওয়া হচ্ছে। জম্বুদ্বীপ তার জ্বলন্ত উদাহরণ। সুন্দরবনে মাছধরার উপর নানাবিধ নিষেধাজ্ঞা চাপিয়ে মৎস্যজীবীদের জীবিকাকে ছিনিয়ে নেওয়া হয়েছে ও হচ্ছে। নিষেধাজ্ঞা কার্যকরী করার নামে জেলেদের উপর সীমাহীন অত্যাচার উত্তরোত্তর বেড়েই চলেছে। মৎস্যজীবীদের জন্য নৌকোজাল সরবরাহের সরকারী প্রকল্প (ট্র্যাডিশনাল মেরিন ফিশ প্রোডাকশন বেহুন্দি ফেজ-৩ স্কিম)-এ ব্যাপক দূর্নীতি হয়েছে। প্রশাসনের কাছে এই প্রকল্পের বেনিফিশিয়ারিদের অভিযোগ থেকে জানা যাচ্ছে, ২০১৭ সালের শেষের দিকে কাকদ্বীপ মেরিন ফিশারমেন'স কোওপারেটিভ সোসাইটি লিমিটেড-এর ব্যাংক একাউন্ট থেকে বেনিফিশিয়ারিদের প্রত্যেকের একাউন্টে বেহুন্দি ফেজ-৩ স্কিমের অনুদান ২৩৮০০০.০০ (দুই লক্ষ আটত্রিশ হাজার) টাকা করে ঢুকেছিল। এই টাকার অধিকাংশটাই বিশিষ্ট সমাজসেবী শ্রী শৈবাল দাস ও কাকদ্বীপ মেরিন ফিশারমেন'স কোওপারেটিভ সোসাইটি লিমিটেড-এর সম্পাদক বিজন মাইতি ওরফে প্রিয়ব্রত মাইতি আত্মসাৎ করেছেন বলে বেনিফিশিয়ারিদের লিখিত অভিযোগ। এবিষয়ে অবিলম্বে প্রশাসনিক তদন্ত হওয়া দরকার।

উপরোক্ত সমস্যাগুলির সমাধানের জন্য আমরা নিম্নলিখিত দাবিগুলি পেশ করছি এবং অবিলম্বে কার্যকরী ব্যবস্থা দাবি করছি –

## দাবিদাওয়া

১। ট্রলিং সহ সব ধ্বংসাত্মক মৎস্য শিকার বন্ধ করতে হবে।

২। মৎস্যজীবীদের জালনৌকার লোণের সাবসিডি চোরদের গ্রেপ্তার করতে হবে।

৩। খোটির জমির উপর মৎস্যজীবীদের সমষ্টিগত আইনি অধিকার দিতে হবে।

৪। সুন্দরবনে মৎস্যজীবীদের মাছ ধরার অধিকার ফিরিয়ে দিতে হবে। মৎস্যজীবীদের সি এফ আর প্রদানের জন্য অবিলম্বে প্রয়োজনীয় প্রশাসনিক পদক্ষেপ নিতে হবে।

Received
03.10.2023
SDDMO, Kakdwip

Office of the Sub-Divisional Officer
- 3 OCT 2023
Kakdwip, South 24 Parganas

# দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন নং - ২০৪৭৪/৯২

প্রধান কার্যালয়ঃ- ২০/৪ শিল লেন, কলকাতা- ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স- ০৩৩ ২৩২৮৩৯৮৯; ই-মেলঃ- dmfwestbengal@gmail.com

ডায়মন্ড হারবার কার্যালয়ঃ- নিউ টাউন, ডায়মন্ড হারবার, দঃ ২৪ পরগণা, পিন - ৭৪৩৩৩১; মোঃ- ৭৮৭২৪০৭৬১১ ।


৫। নদী সমুদ্র জলাশয়ে মাছ ধরার জন্য মৎস্যজীবীদের সমষ্টিগত পাট্টা দিতে হবে।

৬। জম্বুদ্বীপে মৎস্যজীবীদের মাছ শুকানোর অধিকার ফিরিয়ে দিতে হবে।

ধন্যবাদান্তে,

\- বিনীত

| | | | |
|---|---|---|---|
| প্রদীপ চ্যাটার্জী | নারায়ণ দাস | আব্দার মল্লিক | মিলন দাস |
| কনভেনার, ন্যাশন্যাল প্ল্যাটফর্ম ফর স্মল স্কেল ফিশওয়ার্কার্স | সভাপতি দঃ ২৪ পরগণা মৎস্যজীবী ফোরাম | সম্পাদক দঃ ২৪ পরগণা মৎস্যজীবী ফোরাম | সাধারণ সম্পাদক দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম |

দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরামের শাখা ও সহযোগী সংগঠনগুলির নেতৃত্বগণের স্বাক্ষর-

Parimal Kabat

সরকারি নৌ... স্কিমের লুণ্ঠিত অর্থ উদ্ধার কমিটি

সহ-সভাপতি
দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম
প্রধান কার্যালয়- ২০/৪ শিল লেন, কলকাতা-৭০০ ০১৫